

পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী

স্কুল এন্ড কলেজ, বগুড়া

ডাকঘরঃ পল্লী উন্নয়ন একাডেমী-৫৮৪২

উপজেলা/থানাঃ শেরপুর, জেলাঃ বগুড়া, বাংলাদেশ।

(স্থাপিত: ১৯৮৫)

ই-মেইল: info@rdalsc.edu.bd ওয়েবসাইট: www.rdalsc.edu.bd



Rural Development Academy (RDA)

Laboratory School & College, Bogura

Post Office: Rural Development Academy-5842

Upazila/PS: Sherpur, District: Bogura, Bangladesh.

Established: 1985

E-mail: info@rdalsc.edu.bd, Website: www.rdalsc.edu.bd

স্মারক নং আরডিএ/ল্যাবঃ/স্কুল এন্ড কলেজ/বগ/ ২২৫

তারিখঃ ১২ মে, ২০২০

জরুরী নোটিস (বৃত্তি সংক্রান্ত)

এতদ্বারা আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজে ৬ষ্ঠ ও ৯ম শ্রেণিতে অধ্যয়নরত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের (যারা ২০১৯ সালের পিইসি ও জেএসসি পরীক্ষায় বৃত্তি পেয়েছে) অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক এখন থেকে বৃত্তির টাকা বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নিজ নিজ ব্যাংক হিসাবে অনলাইনের মাধ্যমে (EFT) প্রেরণ করা হবে। সুতরাং ২০১৯ সালের পিইসি ও জেএসসি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের একক/ অভিভাবকদের যৌথ নামে বাংলাদেশে অনলাইন সুবিধাসম্পন্ন যে কোন তফসীলভুক্ত বাণিজ্যিক ব্যাংকে “স্কুল ব্যাংক হিসাব”/“ব্যাংক হিসাব” খোলার জন্য বলা হলো। ব্যাংক হিসাব খোলার পর সংশ্লিষ্ট বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ওয়েবসাইট থেকে নির্ধারিত তথ্য ফরম (বোর্ড বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য ফরম) সংগ্রহপূর্বক পূরণকরতঃ আগামী ২০ মে, ২০২০ তারিখের মধ্যে আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজের মাধ্যমিক শাখার ইন-চার্জ জনাব মোঃ ইকবাল হোসেন (সহকারী শিক্ষক) অথবা স্ব স্ব শ্রেণি- শিক্ষকের নিকট জমা দেয়ার জন্য বলা হলো।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে তথ্যফরম পূরণপূর্বক (ব্যাংক হিসাব খোলাসহ) জমা প্রদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর বৃত্তির অর্থ প্রদান করা সম্ভব হবে না।

অধ্যক্ষ